# দশম শ্রেণি ● ইতিহাস ● অধ্যায়ভিত্তিক প্রশ্নের উত্তর ও পরীক্ষা প্রস্তুতি

## ● অর্থনীতির ধরন ● রাষ্ট্রের প্রকৃতি ও তার পরিচালন-যন্ত্র

❖ **সঠিক উত্তরটি নির্বাচন করো(M.C.Q.)** **(Marks-1)**

1. ‘অর্থশাস্ত্র’ রচনা করেন-
   a. হবস b. জন লক
   c. বারনি d. কৌটিল্য
   উত্তর : d. কৌটিল্য
2. ‘তারিখ-ই-ফিরোজশাহি’ গ্রন্থটি রচনা করেন-
   a. হেরোডোটাস b. অলবেরুনি
   c. জিয়াউদ্দিন বারনি d. সিকন্দর শাহ
   উত্তর : c. জিয়াউদ্দিন বারনি
3. কে নিজেকে ‘Supreme Head of the Church’ বলে অভিহিত করেন-
   a. টমাস ক্রমওয়েল b. সপ্তম হেনরি
   c. ক্যাথরিন d. অষ্টম হেনরি
   উত্তর : b. সপ্তম হেনরি
4. আধুনিক রাষ্ট্রচিন্তার জনক হলেন-
   a. ম্যাকিয়াভেলি b. টমাস হবস
   c. রুশো d. জ্যাঁ বোঁদা
   উত্তর : a. ম্যাকিয়াভেলি
5. ‘The Sprit of the Laws’-গ্রন্থের রচয়িতা-
   a. রুশো b. মন্তেস্কু
   c. ভলতেয়ার d. জন লক
   উত্তর : b. মন্তেস্কু
6. ‘ইক্তা’ প্রথার উদ্ভাবক খলিফা ছিলেন-
   a. মুকতাদি b. ওয়াসিম
   c. মুক্তাকিন d. আল হাফেজ
   উত্তর : a. মুকতাদি
7. ‘মনসব’ কথার অর্থ-
   a. সিংহাসন লাভ b. রাজ্য দখল
   c. পদমর্যাদা d. রাজ্যাভিষেক
   উত্তর : c. পদমর্যাদা
8. ম্যান্ডারিন ব্যবস্থা প্রচলিত ছিল যে দেশে-
   a. চিন b. ভারত
   c. গ্রিস d. পারস্য
   উত্তর : a. চিন
9. ‘Act of Supremacy’ পাস হয়-
   a. 1530 খ্রিস্টাব্দে b. 1532 খ্রিস্টাব্দে
   c. 1534 খ্রিস্টাব্দে d. 1536 খ্রিস্টাব্দে
   উত্তর : c. 1534 খ্রিস্টাব্দে
10. ‘দ্য প্রিন্স’ গ্রন্থটির রচয়িতা-
    a. জন লক b. টমাস মুর
    c. ম্যাকিয়াভেলি d. সিসেরো
    উত্তর : c. ম্যাকিয়াভেলি
11. বৈদিক যুগে অনার্য বণিকরা যে নামে পরিচিত ছিল-
    a. বাণিজ্ b. শ্রেষ্ঠী

❖ **সঠিক উত্তরটি নির্বাচন করো(M.C.Q.)** **(Marks-1)**

12. সুলতানি যুগের একজন ঐতিহাসিক হলেন-
    a. সন্ধ্যাকর নন্দী b. জিয়াউদ্দিন বারনি
    c. আমির খসরু d. আফিফ
    উত্তর : c. আমির খসরু
13. ‘ফতোয়া-ই-জাহানদারির’ লেখক-
    a. বদায়ুনি b. জিয়াউদ্দিন বারনি
    c. আমির খসরু d. আফিফ
    উত্তর : b. জিয়াউদ্দিন বারনি
14. ‘অর্থশাস্ত্রের’ সাথে তুলনীয় গ্রন্থটির নাম-
    a. কাঁদিদ b. সোশ্যাল কন্ট্রাক্ট
    c. ইন্ডিকা d. দ্য প্রিন্স
    উত্তর : d. দ্য প্রিন্স
15. উদারনীতিবাদের জন্মদাতা বলা হয়-
    a. টমাস হব্‌সকে b. জন লককে
    c. হেগেলকে d. টমাস হিল গ্রিনকে
    উত্তর : b. জন লককে
16. “টু ট্রিটিজেস অব গভর্নমেন্ট” গ্রন্থের রচয়িতা-
    a. হব্‌স b. জন লক
    c. রুশো d. মন্তেস্কু
    উত্তর : b. জন লক
17. ‘লেভিয়াথান’ গ্রন্থ প্রকাশিত হয়-
    a.1641 খ্রি : b. 1651 খ্রি :
    c.1661 খ্রি : d. 1671 খ্রি :
    উত্তর : b. 1651 খ্রি :
18. ‘ঝড়ের পাখি’ বলা হত-
    a. রুশোকে b. ভলতেয়ারকে
    c. মন্তেস্কুকে d. দালেমবেয়ারকে
    উত্তর : a. রুশোকে
19. “দ্য সোশ্যাল কন্ট্র্যাক্ট” গ্রন্থের রচয়িতা-
    a. জন লক b. মন্তেস্কু
    c. বেন্থাম d. রুশো
    উত্তর : d. রুশো
20. ক্ষত্রপ ব্যবস্থা প্রচলিত ছিল-
    a. ভারতে b. চিনে
    c. ইংল্যান্ডে d. পারস্যে
    উত্তর : d. পারস্যে
21. বিশেষ ধরণের টুপি ব্যবহার করত-
    a. স্যাট্রাপরা b. ম্যান্ডারিনরা
    c. ইক্তাদাররা d. মনসবদাররা
    উত্তর : b. ম্যান্ডারিনরা
22. পারসিক প্রদেশগুলির নাম-
    a. স্যাট্রাপি b. ইক্তা
    c. মামলত d. মনসব

c. সমুদ্র d. পণি

উত্তর : d. পণি

**23. রোমের মুক্তিপ্রাপ্ত দাসরা কী নামে পরিচিত ছিল-**

a. গ্লাডিয়েটর b. স্পার্টাকাস

c. লিবারটাস d. ম্যাজিস্ট্রেট

**উত্তর :** c. লিবারটাস

**24. পলায়নরত ক্রীতদাসরা ধরা পড়লে তার কপালে কী চিহ্ন লিখে দেওয়া হতো-**

a. D b. E

c. F d. G

**উত্তর :** c. F

**25. প্রাচীন ভারতে কোনো ক্রীতদাসের অস্তিত্ব ছিল না বলে কে উল্লেখ করেছেন-**

a. প্লিনি b. স্ট্রাবো

c. মেগাস্থিনিস d. কৌটিল্য

**উত্তর :** মেগাস্থিনিস

**26. 'Wealth of Nations'-গ্রন্থটির রচয়িতা-**

a. অ্যাডাম স্মিথ b. ভিনসেন্ট স্মিথ

c. জুডিথ ব্রাউন d. মার্টিমার হুইলার

**উত্তর :** a. অ্যাডাম স্মিথ

**27. ম্যানর কী-**

a. ইউরোপের বাজার b. ভূস্বামীদের বসবাসের স্থান

c. রাজদরবার d. ধর্মীয় প্রতিষ্ঠান

**উত্তর :** ভূস্বামীদের বসবাসের স্থান

**28. রোমের দাস যোদ্ধারা কী নামে পরিচিত ছিল-**

a. নাইট b. গ্লাডিয়েটর

c. প্যাট্রিসিয়ান d. প্লিবিয়ান

**উত্তর :** গ্লাডিয়েটর

**29. ধর্মীয় কর যে নামে পরিচিত ছিল-**

a. টাইল b. টাইদ

c. করভি d. ক্যাপিটেশন

**উত্তর :** b. টাইদ

**30. গিল্ড কী-**

a. ইউরোপের ব্যবসায়ী সমিতি

b. ইউরোপের সামন্ত শ্রেণির সংগঠন

c. ধর্মীয় সংগঠন

d. শিক্ষাপ্রতিষ্ঠানের নাম

**উত্তর :** a. ইউরোপের ব্যবসায়ী সমিতি

## ❖ V.S.A. (Marks-1)

**1. দাস অর্থনীতি কাকে বলে ?**

**উত্তর :** প্রাচীনকালে রোম ও মিশরের মতো বিভিন্ন দেশে ক্রীতদাস প্রথার একটি নির্দিষ্ট কাঠামো ছিল । ওই দেশগুলির অর্থনীতিতেও এই প্রথা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল । ক্রীতদাসদের শ্রমের ওপর নির্ভর করে যে অর্থনীতি গড়ে উঠেছিল তাই দাস অর্থনীতি রুপে পরিচিত ।

**2. বৈদিক যুগে অনার্য ব্যবসায়ীরা কী নামে পরিচিত ছিল ?**

**উত্তর :** বৈদিক যুগের অনার্য ব্যবসায়ীরা 'পণি' নামে পরিচিত ছিল ।

উত্তর : a. স্যাট্রাপি

## ❖ V.S.A. (Marks-1)

**3. 'ম্যান্ডারিন' বলতে কী বোঝায় ?**

**উত্তর :** প্রাচীন চিনের আমলরা ম্যান্ডারিন নামে পরিচিত ছিলেন । সেদেশের সমাজে শান্তি-সৃঙ্খলা বজায় রাখার জন্য সম্রাটের সঙ্গে তাঁরাও স্বর্গের অনুশাসন লাভের অংশীদার বলে প্রচলিত মত ছিল ।

**4. অ্যাক্ট অফ সুপ্রিমেসি আইন কে, কবে পাস করেন ?**

**উত্তর :** 1534 খ্রিস্টাব্দে ইংল্যান্ডের শাসক অষ্টম হেনরির মন্ত্রী টমাস ক্রমওয়েল অ্যাক্ট অফ সুপ্রিমেসি আইন পাস করেন ।

**5. 'সুলতানি যুগের প্রথম ঐতিহাসিক গ্রন্থ কী ? কার লেখা ?**

**উত্তর :** সুতালনি যুগের প্রথম ঐতিহাসিক গ্রন্থটি হল 'ফতোয়া-ই-জাহান্দারি' । উক্ত গ্রন্থটির লেখক জিয়াউদ্দিন বারানি ।

**6. 'জিম্মি' কারা ?**

**উত্তর :** অমুসলিমদের মুসলিম রাষ্ট্রে বসবাস এবং ধর্মরক্ষার অধিকার পেতে গেলে শাসককে আনুগত্য ও কর প্রদান করতে হত । অধিকারপ্রাপ্ত অমুসলিমরা 'জিম্মি' বা বিধর্মী নামে পরিচিত ছিল ।

**7. 'শরিয়ত' কী ?**

**উত্তর :** 'শরিয়ত' হল কোরানের ভিত্তিতে মুসলিমদের অবশ্য পালনীয় কর্তব্য সম্পর্কিত আইনবিধি ।

**8. ক্রীতদাসদের মুক্তি পাওয়ার দুটি উপায় কী ছিল ?**

**উত্তর :** দাসত্ব থেকে মুক্তি পাওয়ার উপায় ক্রীতদাসদের পক্ষে খুব একটা সহজ ছিল না । তবে তাদের মুক্তি পাওয়ার উল্লেখযোগ্য দুটি উপায় ছিল -(১) প্রভুর প্রতি আনুগত্য প্রদর্শনের সুরস্কার হিসেবে শেষ জীবনে অনেক ক্রীতদাস মুক্তি পেত । তবে তা প্রভুর ইচ্ছার ওপর নির্ভর করত । (২) প্রভুর প্রাণরক্ষা করেও অনেক ক্রীতদাস মুক্তি পেত ।

**9. 'ম্যানুমিসিও' কাদের বলা হত ?**

**উত্তর :** প্রভুর আশ্রয় থেকে পালিয়ে যাওয়া ক্রীতদাসকে 'ম্যানুমিসিও' বলা হত ।

**10. 'ভার্নি' কাদের বলা হত ?**

**উত্তর :** ক্রীতদাসদের যে সকল সন্তান জন্মসূত্রে ক্রীতদাসে পরিণত হত তারা 'ভার্নি' নামে পরিচিত ছিল ।

**11. 'গ্ল্যাডিয়েটার' কাদের বলা হত ?**

**উত্তর :** যে রোমান দাসরা স্টেডিয়ামে উপস্থিত দর্শকদের সামনে তাদের ক্রীড়াযুদ্ধ প্রদর্শন করত, তাদের বলা হত 'গ্ল্যাডিয়েটার' ।

**12. কে, কবে মনসবদারি প্রথা চালু করেন ?**

**উত্তর :** মোগল সম্রাট আকবর 1575 খ্রিস্টাব্দে ভারতে মনসবদারি প্রথা প্রবর্তন করেছিলেন ।

**13. 'অগ্রহার' প্রথা বলতে কী বোঝ ?**

**উত্তর :** ভারতে খ্রিস্টীয় তৃতীয় শতাব্দীর পরবর্তী সময় পুণ্য অর্জনের জন্য ব্রাহ্মণ ও ধর্মপ্রতিষ্ঠানে নিষ্কর জমি দান করার একটি প্রথা চালু হয় । এটিই 'অগ্রহার' প্রথা নামে খ্যাত ।

**14. 'ম্যানর' কাকে বলা হত ?**

**উত্তর :** মধ্যযুগীয় সামন্ততান্ত্রিক ইউরোপের গ্রামে বড়ো আকারের খামারবাড়িকে 'ম্যানর' বলা হত । এর চারপাশে জমি বেষ্টিত থাকে ।

**15.** **‘ভ্যাসাল’ কাদের বলা হত ?**
**উত্তর :** নাইটদের অধীনস্থ কৃষকদের ভ্যাসাল বলা হত ।

**16.** **মেগাস্থিনিস কোন্ রাজার দূত ছিলেন ?**
**উত্তর :** মেগাস্থিনিস গ্রিসের রাজা সেলুকাসের দূত ছিলেন ।

**17.** **‘ওয়াতন’ জায়গির বলতে কী বোঝা ?**
**উত্তর :** ‘ওয়াতন’ শব্দের আক্ষরিক অর্থ বাস্তুভিটা । যেসব মনসবদার জায়গিরের মাধ্যমে তাদের বেতন পেতেন সেইসব জায়গিরকে বলা হত ওয়াতন জায়গির । এগুলির ওপর মোগল শাসকদের হস্তক্ষেপ প্রায় ছিল না বললেও চলে ।

**18.** **কমিটেটাস প্রথা কী ?**
**উত্তর :** প্রাচীন জার্মানিতে প্রচলিত একটি প্রথা ছিল কমিটেটাস প্রথা । এই প্রথা অনুসারে স্বাধীন যোদ্ধাগণ কোনো সামরিক নেতা বা সেনাপতির প্রতি আনুগত্য প্রকাশ করত এবং তার স্বার্থপূরণের ব্যাপারে নিশ্চয়তা প্রদান করত ।

**19.** **মধ্যযুগের ইউরোপে কাদের নাইট বলা হত ?**
**উত্তর :** ইউরোপের সামন্ততান্ত্রিক ব্যবস্থায় একুশ বছর বয়সী উচ্চবংশীয় যোদ্ধাদের নিয়ে সামন্তপ্রভুর জন্য যে প্রতিরক্ষা বাহিনী গঠিত হত তাদেরকে নাইট বলা হত ।

**20.** **গিল্ড কী ছিল ?**
**উত্তর :** মধ্যযুগের ইউরোপে কারিগর ও ব্যবসায়ী শ্রেণি নিজেদের স্বার্থেই পৃথক সংগঠন তৈরি করেছিল ।ওই সংগঠনটি ‘গিল্ড’ নামে পরিচিত লাভ করে । গিল্ডের সদস্যরা ছিল বিভিন্ন বণিক, কারিগর এবং বাণিজ্য ও শিল্পের সঙ্গে যুক্ত ব্যক্তিগণ।

**21.** **অর্থশাস্ত্রের মূল বিষয়বস্তু কী ছিল ?**
**উত্তর :** কৌটিল্যের ‘অর্থশাস্ত্র’ গ্রন্থটির মূল বিষয়বস্তু হল চন্দ্রগুপ্ত মৌর্যের শাসন, বিচার ও রাজস্ব ব্যবস্থা এবং ভারতীয় সমাজ ও নারীদের বিভিন্ন দিক নিয়ে আলোচনা ।

**22.** **সপ্তাঙ্গ তত্ত্ব কী ?**
**উত্তর :** কৌটিল্যে অর্থশাস্ত্রে রাষ্ট্রকে জীবদেহের সঙ্গে তুলনা করেছেন । তিনি সাতটি অঙ্গের কথা বলেছেন । যথা -স্বামী, অমাত্য, পুর, জনপদ, দন্ড ও মিত্র । রাষ্ট্রের এই সাতটি অঙ্গ সম্পর্কিত তত্ত্বকে একত্রে সপ্তাঙ্গ তত্ত্ব বলা হয় ।

**23.** **কে নিজেকে ‘Supreme Head of the Church’ বলেছিলেন ?**
**উত্তর :** ইংল্যান্ডের টিউডর বংশের শাসক সপ্তম হেনরি নিজেকে ।

**24.** **টমাস ক্রমওয়েল কে ছিলেন ?**
**উত্তর :** টমাস ক্রমওয়েল ছিলেন ইংল্যান্ডের শাসক অষ্টম হেনরির প্রধানমন্ত্রী তথা প্রধান পরামর্শদাতা । ইংল্যান্ডের চার্চের ক্ষমতা খর্ব করে রাজার বৃদ্ধি করতে তাঁর ভূমিকা ছিল গুরত্বপূর্ণ ।

**25.** **‘ফিফ’ কী ?**
**উত্তর :** সামন্তদের প্রদেয় ছোটো ভূমিখন্ডকে ‘ফিফ’ বলে ।

## ❖ ব্যাখামূলক প্রশ্ন(L.A.) (Marks-8)

1. **ষোড়শ মহাজন পদ বলতে কী বোঝ ? মগধের উত্থানের প্রধান কারণগুলি লেখো ।**
2. **অর্থশাস্ত্রের সংজ্ঞা দাও । অর্থশাস্ত্রের মূল বিষয়বস্তু ও প্রকৃতি আলোচনা করো ।**
3. **রুশো ও মন্তেস্কুর রাষ্ট্রদর্শনের সংক্ষিপ্ত বর্ণনা দাও ।**
4. **মিশরে ক্রীতদাসরা প্রধানত কী কী কাজের সঙ্গে যুক্ত ছিল ? মিশরে ক্রীতদাসদের অবস্থা কেমন ছিল ?**
5. **মধ্যযুগে ইউরোপে ‘শিভালরি বা বীরত্বের আদর্শ’ এবং ‘নাইট বা বীর যোদ্ধাদের’ সম্পর্কে কী জান ?**



Tinmile Road Branch
Add: Tinmile Road, Chopra, U/D.
Contact No : 9126769860

Sonapur Hat Branch
Add: Khanpara, Sonapur Hat, Chopra, U/D.
Contact No : 9563249093

Srikrishnapur Branch
Add: Bangiyo Gramin Bank, Srikrishnapur, U/D.
Contact No : 9679183299